



## আগামীকাল ঢাকায় বিক্ষোভ সমাবেশ করবে ১১ দলীয় জোট



ছবি: সংগৃহীত

গুম, খুন, গণহত্যাসহ বিভিন্ন হত্যাকাণ্ডের বিচার দাবিতে আগামীকাল মঙ্গলবার রাজধানীতে বিক্ষোভ সমাবেশ করবে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্য। জোটের ঘোষিত কর্মসূচি অনুযায়ী, মঙ্গলবার বিকেল ৫টায় রাজধানীর বিজয়নগরে এ সমাবেশ অনুষ্ঠিত হবে। এতে ১১ দলের শীর্ষ নেতারা বক্তব্য দেবেন। সোমবার (২২ জুন) রাজধানীর মগবাজারে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে কর্মসূচির ঘোষণা দেন জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ও ১১ দলীয় ঐক্যের সমন্বয়ক হামিদুর রহমান আযাদ।

তিনি জানান, আওয়ামী লীগ সরকারের আমলে সংঘটিত গুম, খুন, গণহত্যাসহ সব হত্যাকাণ্ডের বিচার দাবিতে এ কর্মসূচি পালন করা হবে।

এ ছাড়া আগামী ৪ জুলাই দেশের সব জেলা শহরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করবে ১১ দলীয় ঐক্য।

এর আগে সকালে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে জোটের লিয়াজেঁ কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়।